# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

www.bise-ctg.gov.bd

**সংশোধনী**

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

স্মারক নম্বর : চশিবো/বিদ্যা:/বিজ্ঞপ্তি/১৫/২০১৩/৩৯৫৬(২),তারিখ:১৭/০৮/২০২৫

## বিষয়: ২০২৫ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয় এবং ৮ম শ্রেণি চালুকৃত সরকারি প্রথামিক বিদ্যালয়ের প্রধানগণ এবং সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে ২০২৫ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়ণরত শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য নির্ধারিত ফি, সময়সূচি ও নির্দেশাবলি -

১। ফি এর হার (প্রতি শিক্ষার্থী) :

| রেজিস্ট্রেশন ফি | স্কাউট ফি | রেডক্রিসেন্ট ফি | বেসরকারি শিক্ষক কল্যান তহবিল | মোট ফি | **বিলম্ব রেজি ফি** | (বিলম্বসহ মোট) |
|---|---|---|---|---|---|---|
| ৫০/- | ২৫/- | ১৬/- | ১০০/- | ১৯১/- | ৫০/- | ২৪১/- |

বি: দ্র: শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ তারিখের ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ স্মারক অনুযায়ী ৮ম শ্রেণির রেজিস্ট্রেশন কার্যক্রমের সময় শিক্ষার্থীদের কাছ থেকে ৭ম ও ৮ম শ্রেণিতে আদায়কৃত মোট রেডক্রিসেন্ট ফি ২০+২০=৪০ (চল্লিশ) টাকার ৪০% অর্থাৎ ১৬ (ষোল) টাকা শিক্ষাবোর্ডে প্রদান করতে হবে অবশিষ্ট ৬০% (২৪/-) টাকা নিজ প্রতিষ্ঠানে রেড ক্রিসেন্টে সংরক্ষণ করবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ৭ম ও ৮ম শ্রেণিতে ভর্তির সময় প্রতি শিক্ষবর্ষে ২০ (বিশ) টাকা হারে রেডক্রিসেন্ট ফি সংগ্রহ করবে এবং ৮ম শ্রেণিতে রেজিষ্ট্রেশনের সময় একত্রিত ও সমন্বয় করে নিজস্ব একাউন্টে সংরক্ষণ ও বোর্ডকে প্রদান করবে।

### ২। অনলাইনে ফি জমা (টি.টি) ও তথ্য এন্ট্রি (e-SIF পূরণ) সময়সূচীঃ

| ক্রমিক | বিবরণ | তারিখ |
|---|---|---|
| ০১ | অনলাইনে ফি জমা (টি.টি) ও তথ্য এন্ট্রি (e-SIF পূরণ) তারিখ | ০১/০৯/২০২৫ থেকে ১৫/০৯/২০২৫ |
| ০২ | বিলম্ব ফিসহ অনলাইনে ফি জমা (টি.টি) ও তথ্য এন্ট্রি (e-SIF পূরণ) করার তারিখ | ১৮/০৯/২০২৫ থেকে ২৫/০৯/২০২৫ |
| ০৩ | তথ্য ভুল সংশোধন / এডিট | ০৮/১০/২০২৫ থেকে ১৪/১০/২০২৫ |

৩। অনলাইনে রেজিষ্ট্রেশন করার জন্য বোর্ডের ওয়েবসাইট (www.bise-ctg.gov.bd) প্রবেশ করেclass-viii esif কর্ণারে ক্লিক করে নির্দেশনা অনুযায়ী e-SIF তথ্য পূরণ করতে হবে।

৪। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম এর অনুকুলে হিসাব নং SND 59, সোনালী ব্যাংক, বহদ্দারহাট শাখা, চট্টগ্রাম বরাবর নির্ধারিত সময়ে সোনালী ব্যাংকের যেকোনো শাখায় (বহদ্দারহাট শাখা, চট্টগ্রাম ব্যতিত) টি.টি করতে হবে। যতজন শিক্ষার্থীর তথ্য পূরণ করা হবে ঠিক ততজন শিক্ষার্থীর টি.টি. করতে হবে। কোনো অবস্থাতেই টি.টি করা শিক্ষার্থীর সংখ্যা থেকে অতিরিক্ত কোনো শিক্ষার্থীর e-SIF পূরণ করা যাবে না। এছাড়াও উক্ত হিসাবের অনুকুলে বিকাশ, নগদ, শিওর ক্যাশ, ডিবিএল নেক্সাস পে, ইসলামী ব্যাংক, টি ক্যাশ,ভিসা, মাস্টার কার্ড অনলাইন পেমেন্ট সিস্টেম এর মাধ্যমে নির্ধারিত ফি প্রদান করা যাবে।

৫। ১জানুয়ারী ২০২৫ তারিখে শিক্ষার্থীর ন্যূনতম বয়স **১১+ এবং ৩১ ডিসেম্বর ২০২৫ তারিখে সর্বোচ্চ ১৭(সতেরো) বছর** এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের বয়সসীমা **২২ বছর**। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদ কিংবা প্রত্যয়নপত্র আবশ্যক।

৬। **e-SIF পূরণ করার সময়** Hafez, Kari, Alhaz, Mr. Mrs, Miss, Dr. Prof. ইত্যাদি ধরনের শব্দ ব্যবহার করা যাবে না। শিক্ষার্থীর পিতা মাতার জাতীয় পরিচয় পত্র অনুযায়ী পিতা মাতার নাম এন্ট্রি করতে হবে। সেক্ষেত্রে শিক্ষার্থীর জন্ম নিবন্ধনেও পিতা - মাতার নাম একই রকম থাকতে হবে।

চলমান পাতা-২

৭। নিজ প্রতিষ্ঠানে ভর্তিকৃত ও অধ্যয়নরত শিক্ষার্থী ছাড়া অন্য কোন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা যাবে না। এর ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণসহ প্রতিষ্ঠানের স্বীকৃতি ও পাঠদানের অনুমতি বাতিল করা হবে।

৮। যে কোনো বিদ্যালয় ৫০০ এর অধিক শিক্ষার্থী রেজিস্ট্রেশন করার ক্ষেত্রে বোর্ডের অনুমতি গ্রহণ করতে হবে এবং ভর্তি বর্হিভুত কোনো শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করা হয়নি মর্মে প্রত্যয়নপত্র জমা দিতে হবে এবং উল্লিখিত ছকে বর্ণিত তারিখ অনুযায়ী রেজিস্ট্রেশন কার্যাবলী সম্পন্ন করতে ব্যর্থ হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে। এ ক্ষেত্রে বোর্ড কর্তৃপক্ষকে কোনো অবস্থাতেই দায়ী করা যাবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৮/৮/২৫

**(প্রফেসর মো: আবুল কাসেম)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম

প্রাপক:
এই বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয়ের অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :-

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

০২। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

০৩। উপ-পরিচালক (হিঃ ও নিঃ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

০৪। প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

০৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ পিএলসি, বহদ্দারহাট শাখা, চট্টগ্রাম

০৬। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

০৭। অফিস কপি।